



স্মারক নং- ৬৪৪ /পল্লী  
০২ মে ২০২৪ইং

## নিয়োগ বিজ্ঞপ্তি

পল্লীশ্রী দিনাজপুর কর্তৃক পরিচালিত “ঋণ ও আয়বৃদ্ধিমূলক কর্মসূচী” এর দিনাজপুর জেলায় ঋণ ও আয়বৃদ্ধিমূলক কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নে উল্লেখিত পদে নিয়োগ ও প্যানেল তৈরীর জন্য আগ্রহী নারী ও পুরুষ প্রার্থীর নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	দায়িত্ব	অভিজ্ঞতা
০১.	মাঠ সংগঠক	স্নাতক পাশ	মাঠ পর্যায়ে উপকারভোগীদের সাথে সমন্বয় রেখে ঋণ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। প্রতিদিনের কাজ সফলভাবে প্রতিদিন সমাপ্ত করতে হবে এবং ইউনিট ম্যানেজারের নিকট দাখিল করতে হবে।	ঋণ কার্যক্রম সম্পর্কে ধারণা / অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তসমূহঃ

০১. জীবন বৃত্তান্ত (নাম, স্বামী/স্ত্রী, মাতা ও পিতার নাম, পূর্ণ ঠিকানা, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, যোগ্যতা, জাতীয়তা, ভোটার আইডি কার্ড ইত্যাদি) দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, দুইজন ব্যক্তির রেফারেন্স ও মোবাইল নাম্বার উল্লেখ সহ দরখাস্ত করতে হবে।

০২. লিখিত ও মৌখিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীগণ ১০,০০০/- টাকার জামানত (ফেরত যোগ্য) প্রদান করার পরই চাকুরীতে যোগদান করতে পারবেন।

০৩. দরখাস্ত “নির্বাহী পরিচালক” পল্লীশ্রী, বালুবাড়ী, দিনাজপুর এর বরাবরে করতে হবে এবং দরখাস্ত আগামী ২৭/০৫/২০২৪ইং তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি অফিস চলাকালীন সময়ে অফিসে রক্ষিত বস্ত্রে দাখিল করতে হবে।

০৪. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডি এ প্রদান করা হবে না।

০৫. বেতন /ভাতা সংস্থার বেতন স্কেল অনুসারে নির্ধারণ করা হবে। নির্বাচিত প্রার্থীকে কমপক্ষে ০৩(তিন) বছর কাজ করবেন এই মর্মে অঙ্গিকার পত্র দাখিল করতে হবে।

০৬. নির্বাচিত প্রার্থীকে কর্ম এলাকায় ০৫ (পাঁচ) কিলোমিটারের মধ্যে অবস্থান করতে হবে।

০৭. বে-সরকারী উন্নয়ন সংগঠনে কর্মরত প্রার্থী নিয়োগপ্রাপ্ত হলে সেক্ষেত্রে তার সংগঠনের এনওসি অবশ্যই প্রদান করতে হবে।

০৮. প্রার্থীকে কোন প্রকার সুপারিশের আশ্রয় গ্রহণ না করার জন্য অনুরোধ করা গেল। এ ধরনের আচরণ প্রার্থীর অযোগ্যতা প্রমাণ করবে এবং সেই প্রার্থী কোন ভাবেই নিয়োগ প্রাপ্ত হবেন না।

০৯. আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

“নারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।”

ধন্যবাদ সহ

শামিম আরা বেগম  
নির্বাহী পরিচালক